

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা
www.dae.gov.bd


স্মারক নং-৭৯১৭

তারিখ: ১৭/০৭/২০১৭ খ্রি.

বিষয়: 'কৃষি সম্প্রসারণ অধিদপ্তর' এর "বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার- ১৪২১" স্বর্ণপদক প্রাপ্তিতে অভিনন্দন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার প্রচেষ্টায় দেশীয় গবেষক ও বিজ্ঞানীদের উদ্ভাবিত নতুন নতুন জাত, কৃষি যন্ত্র ও চাষ পদ্ধতি কৃষকদের নিকট হস্তান্তর এবং নতুন নতুন উদ্ভাবনী প্রক্রিয়া ব্যবহার করে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে ও কৃষিজ উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ গত ১৬ জুলাই ২০১৭ খ্রি. তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর "বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২১" স্বর্ণপদক পুরস্কারে ভূষিত হয়েছে।

এ অর্জন অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের কাজেরই স্বীকৃতিস্বরূপ। তাই, সকল কর্মকর্তা-কর্মচারীগণকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানানো হলো। এ অর্জনকে অনুপ্রেরণা হিসেবে গ্রহণ করে চলমান কৃষি সম্প্রসারণ কার্যক্রম আরও বেগবান করে এবং সকল প্রকার দুর্যোগ মোকাবেলা করে দেশকে কৃষি সমৃদ্ধ দেশ গড়তে সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারীগণকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পাশাপাশি মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারগণের নিকট কৃষি সম্প্রসারণ অধিদপ্তর তথা কৃষি সেক্টরের এই অর্জনের কথা বহুল প্রচারের মাধ্যমে সামগ্রিক কৃষিজ উৎপাদন কার্যক্রমকে আরও উৎসাহিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



(মোঃ গোলাম মারুফ)

মহাপরিচালক

ফোনঃ ৯১৪০৮৫০

ই-মেইল: dg@dae.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক,..... উইং (সকল), ডিএই, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... অঞ্চল.....(সকল)।
৩. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট,(সকল)।
৪. প্রকল্প পরিচালক/ কর্মসূচি পরিচালক, (সকল)।
৫. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,(সকল)।
৬. উপ-পরিচালক, হার্টিকালচার সেন্টার,.....(সকল)।
৭. উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র,(সকল)।
৮. উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস.....(সকল)।
৯. অতিরিক্ত উপ-পরিচালক/সংগনিরোধ কীটতত্ত্ববিদ, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র,(সকল)।
১০. উদ্যানতত্ত্ববিদ/নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার,.....(সকল)।

জ্ঞাতার্থে বিতরণ:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।